

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪১০

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (ﷺ) পরিচ্ছেদঃ এ বিষয়ে আরেকটি পরিচ্ছেদ

باب مِنْهُ

## আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بِنُ مَنِيعٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةَ، حَدَّثَنَا عَطَاءُ بِنُ السَّائِبِ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بِنِ عَمْرٍو، رضى الله عنهما قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "خَلَّتَانِ لاَ يُحْصِيهِمَا رَجُلٌ مُسْلِمٌ إِلاَّ دَخَلَ الْجَنَّةَ أَلاَ وَهُمَا يَسِيرٌ وَمَنْ يَعْمَلُ بِهِمَا قَلِيلٌ يُسِبِّحُ اللَّهَ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ عَشْرًا وَيَحْمَدُهُ عَشْرًا وَيُكَبِّرُهُ عَشْرًا ". قَالَ قَأْنَا رَأَيْتُ رَسُولَ اللهِ عليه وسلم يَعْقِدُهَا بِيدِهِ قَالَ " فَتِلْكَ خَمْسُونَ وَمِائَةٌ بِاللِّسَانِ وَأَلْفٌ وَخَمْسُونَ وَمِائَةٌ بِاللِّسَانِ وَأَلْفٌ فِي الْمِيزَانِ وَإِذَا أَخَذْتَ مَضْجُعَكَ تُسَبِّحُهُ وَتُكَبِّرُهُ وَتَحْمَدُهُ مِائَةٌ وَيَلْكَ مِائَةً وَتَلْكَ مَائَةً وَتَلْكَ مَائَةً وَلَاللّسَانِ وَأَلْفٌ فِي الْمِيزَانِ فَأَيُّكُمْ يَعْمَلُ فِي الْيَوْمِ وَاللّيْلَةِ أَلْفَيْنِ وَخَمْسُمِائَةٍ سَيّئَةٍ ". بِاللّسَانِ وَأَلْفٌ فِي الْمِيزَانِ فَأَيُّكُمْ يَعْمَلُ فِي الْيَوْمِ وَاللّيْلَةِ أَلْفَيْنِ وَخَمْسُمِائَةٍ فَتِلْكَ مَائَةً وَاللّا يَاللّا مُنْ وَهُو فِي صَمَلاتِهِ فَيَقُولُ اذْكُرْ كَذَا لَى السَّابِ وَلَوْلُ الْذَكُرُ كَذَا . حَتَّى يَنْفَتِلَ فَلَعَلَ أَلْ لاَ يَفْعَلَ وَيَأْتِيهِ وَهُو فِي مَضْجَعِهِ فَلاَ يَزَالُ يُنَوِّمُهُ حَتَّى يَنْفَتِلَ فَلَعَلَ أَنْ لاَ يَفْعَلَ وَيَأْتِيهِ وَهُو فِي مَضْجَعِهِ فَلاَ يَزَالُ يُنَوِّمُهُ حَتَّى يَنَامَ ". قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحَيحٌ . وقَدْ رَوَى شُعْبَةُ وَالتَّوْرِيُّ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ مُخْتَصَرًا . وَفِي مَنْ مَلْ المُديتُ مَ وَلَوى الْمُورِيُ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ مُخْتَصَرًا . وَفِي الْبَابِ عَنْ زَيْد بْنِ قَالِهُ هَذَا الْحَدِيثُ حَسَنٌ صَحَيثٌ عَنْ عَطَاء بْنِ السَّائِبِ مُخْتَصَرًا . وَفِي الْبَابِ عَنْ زَيْد بْنِ قَالِهُ مَنْ المَّارِبِ وَأَنْسُ وَأَنُسُ وَأَسُ وَابْن عَبَّاسٍ رضى الله عنهم .

## বাংলা

৩৪১০. আহমাদ ইবন মানী (রহঃ) ..... আবদুল্লাহ ইবন আমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এমন দুটো অভ্যাস রয়েছে যদি কোন মুসলিম সে দুটো আয়ত্ব করতে পারে তবে সে অবশ্যই জান্নাতে যাবে। জেনে রাখ, এ দুটো আভ্যাস খুবই সহজ কিন্তু এ আনুসারে আমলকারীর সংখ্যা খুবই কম। প্রত্যেক সালাতের পর দশবার সুবহানাল্লাহ দশবার আলহামদু লিল্লাহ দশবার আল্লাহু আকবার পাঠ করবে।



আবদুল্লাহ ইবন আমর রাদিয়াল্লাহু আনহু বলেনঃ আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে হাতের সাহায্যে তা গণনা করতে দেখেছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যবানে তো মোট হয় একশত পঞ্চাশবার আর মীয়ানের পাল্লায় হবে এক হাজার পাঁচশতবার।

আর যখন শয্যাগ্রহণ করবে তখন সুবহানাল্লাহ,আল্লাহু আকবার এবং আলহামদু লিল্লাহ পাঠ করবে একশতবার। এ যবানে তো হল একশ কিন্তু মীযানের পাল্লায় হবে হাজার। তোমাদের মাঝে এমন কে আছে যে রাত দিনে দু' হাজার পাঁচশ গুনাহ করে! সাহাবীগণ বললেন আমরা এ দুটো অভ্যাস কেন আয়ত্ব করতে পারব না?

নবীজী বললেনঃ তোমাদের একজন যখন সালাতে থাকে তখন শয়তান আসে আর তাকে বলতে থাকে এটা মনে কর ওটা মনে কর। এমন কি সে সালাত (নামায) শেষ করে ফেলে। হয়তো সে কারণে সে তা আয়ত্ত করতে পারে না। ফলে তার শয্যাগ্রহনের সময় সে আসে এবং তাকে ঘুম পাড়াতে থাকে। শেষে সে ঘুমিয়ে যায়।

সহীহ, ইবনু মাজাহ ৯২৬, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪১০ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। শু'বা ও ছাওরী (রহঃ) এই হাদীসটি আতা ইবনুস সাইব (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন। আ'মাশ (রহঃ)-ও এটি আতা ইবনুস সাইব (রহঃ) থেকে সংক্ষিপ্তাকারে রিওয়ায়াত করেছেন। এ বিষয়ে যায়েদ ইবন ছাবিত আনাস ও আব্বাস রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে।

## **English**

Abdullah bin `Amr [may Allah be pleased with both of them] said: "The Messenger of Allah said: 'There are two characteristics over which a Muslim man does not guard, except that he enters Paradise. And indeed, they are easy, and those who act upon them are few: He glorifies Allah at the end of every prayer ten times (saying Subhān Allāh) and praises Him ten times saying (Al-Ḥamdulillāh) and extols His greatness ten times (saying Allāhu Akbar)." He said: "And I have seen the Messenger of Allah counting them with his hand. He said: 'So this is one hundred and fifty with the tongue, and one thousand and five hundred on the Scale. When you go to bed, you glorify Him, extol His greatness, and praise Him a hundred times, so this is one hundred with the tongue and one thousand on the Scale. Which of you perform two thousand and five hundred evil deeds in a single day and night?' They said: 'How could we not guard over them?' He said: 'Shaitan comes to one of you when he is in his Salat and says: "Remember such and such, remember such and such" until he turns perhaps he will not do it. And he comes to him and he is lying down and makes him sleepy until he falls asleep."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন